নাদিম আহমেদ

# 'বাংলাদেশ–'৭১' একটি অনন্য প্রয়াস

ডিসেম্বর, ১৯৯৬। আমাদের স্বাধীনতা সংগ্রামের বিজয়ের পর কেটে গেছে পঁচিশটি বছর। এই দীর্ঘ সময়ের ব্যবধানে মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী লক্ষ লক্ষ শহীদের স্বপ্ন কতটুকু বাস্তবতা পেয়েছে সে প্রসঙ্গে রয়েছে হিসাব-নিকাশের অবকাশ। তবে দেশীয় কমপিউটার প্রেমীদের কাছে এবারের উৎসব পেতে যাচ্ছে ভিন্ন একটি তাৎপর্য। এবারের রজত জয়ন্তীতে আমাদের মুক্তিযুদ্ধ পেতে চলেছে কমপিউটারের ভাষা। '৪৭ থেকে '৭১ এই চব্বিশটি বছরে আমাদের জাতীয় চেতনায় উজ্জীবিত, উদ্বেলিত এবং গৌরবদীপ্ত আত্মপ্রকাশের ইতিহাসকে চমৎকার বাঙ্ময় ফুটিয়ে তোলা হয়েছে 'বাংলাদেশ–'৭১' নামের সিডি রমে।

এটি তৈরি করেছে স্থানীয় কমপিউটার প্রতিষ্ঠান হাইটেক প্রফেশনালস্। প্রতিষ্ঠানের পরিচালক জনাব মজিবর রহমান স্বপন এ প্রসঙ্গে আলোকপাত করতে গিয়ে জানান, গ্রোলিয়ার এনসাইক্লোপিডিয়া সিডিতে আমাদের মহান মুক্তিযুদ্ধকে মূল্যায়ন করা হয়েছে ভারত-পাকিস্তান যুদ্ধ হিসেবে। এ অপমানকর বিষয়টি তাঁর মনে যথেষ্ট প্রতিক্রিয়ার সৃষ্টি করে। তিনি মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তথ্য-প্রযুক্তির জগতে তুলে ধরার ব্যাপারে চিন্তা-ভাবনা শুরু করেন। বছর খানেক আগে অর্থাৎ হাইটেক-এর জন্মলগ্ন থেকে এই উদ্দেশ্যে উদ্যমী প্রচেষ্টা চালানো হয়। জনাব স্বপনের তত্ত্বাবধায়নে ভূইয়া মোহাম্মদ এখলাস, মুশফিকা মুন্নী, পরাগ, খন্দকার মাহবুদুর রহমান, মাহবুবুর রহমান, মোঃ আশরাফুল ইসলাম প্রমুখের ঐকান্তিক আগ্রহ এবং অক্লান্ত শ্রমের ফলশ্রুতিতে গড়ে ওঠে 'বাংলাদেশ–'৭১'। এ সফটওয়্যারে ধারাবাহিক ইতিহাসের বর্ণনাক্রমে চমৎকারভাবে সুর, ছন্দ আর চিত্রের সুবিন্যস্ত সমন্বয়ে ফুটিয়ে তোলা হয়েছে আমাদের গৌরবময় মুক্তিযুদ্ধকে। সাথে যুক্ত হয়েছে স্বাধীন বাংলা বেতারকেন্দ্র থেকে প্রচারিত অবিস্মরণীয় সব গানের ডালি। পটভূমি, সংক্ষিপ্ত ইতিহাস, সেক্টর ও ব্রিগেড, পদক ভূষিত মুক্তিযোদ্ধা, মুক্তিযুদ্ধের দিনপঞ্জি, শহীদ বুদ্ধিজীবী, মুক্তিযুদ্ধে বিভিন্ন মাধ্যমের ভূমিকা, শিল্প ও সাহিত্যে মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধে আন্তর্জাতিক সহযোগিতা, মুক্তিযুদ্ধের দৈনিক সংবাদ এবং জীবনী মোট ১১টি বিভাগে সমগ্র তথ্যাবলী সন্নিবেশিত রয়েছে। আরো রয়েছে পিকচার গ্যালারী ও সাউন্ড লাইব্রেরী।

মুক্তিযুদ্ধের পটভূমিতে চিত্রায়িত করা হয়েছে কালরাত্রি, পঁচিশে মার্চ ১৯৭১। ভয়াবহ সেই রাত্রি আজকের প্রজন্ম দেখেনি। মর্মস্পর্শী চিত্র, শব্দ আর ছন্দে এক অসাধারণ আবহ তৈরি করে গণহত্যার নির্মম সত্যকে তুলে ধরেছে 'বাংলাদেশ–'৭১' সিডি রম। মুক্তিযুদ্ধের ঘটনাবহুল দিনগুলোর দিনলিপি সংযুক্ত হয়েছে *দিনপঞ্জি* সাব-মেনুতে। *শহীদ বুদ্ধিজীবী* সাব-মেনুতে তুলে ধরা সেই সব আত্মত্যাগী দেশপ্রেমিকদের সচিত্র জীবনী। পেছনে বধ্যভূমিতে পড়েন শহীদ ডঃ ফজলে রাব্বী, আবহ সংগীত, তার সাথে সাথে একের পর এক ভেসে উঠছে স্বতীর্থ শহীদদের নাম ও সংক্ষিপ্ত জীবনী। আজকের প্রজন্মের কাছে এই জীবন্ত ইতিহাসের মূল্য অপরিসীম। মুক্তিযুদ্ধের প্রতিটি সেক্টর ও ব্রিগেডের সীমানা এবং মানচিত্র, সেক্টর কমান্ডারদের পরিচয় ইত্যাদির সমন্বয়ে সেক্টরভিত্তিক তথ্য তুলে ধরা হয়েছে *সেক্টর ও ব্রিগেড* অংশে।

৩০ লাক্ষ শহীদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের স্বাধীনতা। ১৯৭১ থেকেই আমাদের শিল্প ও সাহিত্যের মূল প্রেরণা মুক্তিযুদ্ধ পেয়েছে তার নিজস্ব অবস্থান। *শিল্প ও সাহিত্যে* এসব তথ্য সাজানো হয়েছে আলাদাভাবে। বিভিন্ন সংবাদ মাধ্যম কিভাবে দেখেছিল মুক্তিযুদ্ধকে? দেশী-বিদেশী সংবাদ মাধ্যম হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে তৈরি করা হয়েছে *সংবাদ মাধ্যমে মুক্তিযুদ্ধ*। আমাদের মুক্তিযুদ্ধে পৃথিবীর বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা এবং জাতিসংঘের ভূমিকা তুলে ধরা হয়েছে *আন্তর্জাতিক সহযোগিতা* অংশে।

হাইটেক প্রোফেশনালস্-এর অন্যতম ডিরেক্টর জনাব শাহিদুর রহমান এই সফটওয়্যারের টেকনিক্যাল দিকটি ব্যাখ্যা করতে গিয়ে জানান যে, সমস্ত তথ্যাবলী ডিবিএফ (ডাটাবেস ফরম্যাট) এক্সটেনশনে সংরক্ষণ করা হয়েছে। সব ধরনের চিত্রকে স্ক্যানারের মাধ্যমে এডব ফটোশপে রিটাচ করা হয়েছে। ব্যবহার করা হয়েছে মাল্টিমিডিয়া অথোরাইজিং টুল macro media director এবং স্ক্রীপ্ট ল্যাংগুয়েজ হিসেবে রয়েছে ম্যাক্রোমিডিয়ার LINGO। এ ব্যাপারে পরিচালক মজিবর রহমান স্বপন আরো বলেন, 'আমরা বিসিএস প্রদর্শনী '৯৬-এ সফটওয়্যারটির বিটা ভার্শন দেখিয়েছি। এবং সেটি ছিল উইন্ডোজ ফর্মে। তবে আগামী ১৬ই ডিসেম্বর প্রিমিয়ার ভার্শনটি এদেশের আপামর কমপিউটার ব্যবহারকারীদের হাতে তুলে দেবার আশা করছি।'

স্বাধীনতা পঁচিশ বছর পূর্তির এই মহোৎসবে এদেশের সফটওয়্যার শিল্পের পক্ষ থেকে এক অনন্য শ্রদ্ধাঞ্জলি উপহার দিয়েছেন হাইটেক প্রফেশনালসের নতুন প্রজন্মের দেশপ্রেমিকেরা। মাতৃভাষায় আমাদের স্বাধীনতা সংগ্রামের গৌরবময় কাহিনীকে বাইনারী বিটে যথার্থ মর্যাদায় রূপান্তর করবার জন্য 'বাংলাদেশ–'৭১'-এর তরুণ সৈনিকদের প্রতি রইল আমাদের উচ্ছ্বসিত অভিনন্দন। ■

I knew it
I knew it
I knew it
I blew it!

Don't go blowing up your computers by taking chances with the raw power supply and hoping that nothing would happen. Like thousands of **Stabila** users, you are smart enough not to try that.

If you have been running your PC's without any protection so far, that would definitely make you lucky for now, but may not be for long. Who knows what tomorrow brings. Disasters doesn't strikes everyday. It takes only once. Than all you could do or say is **"I knew it, I knew it, I knew it".**

So, before it strikes your investments, take cover. Protect your PC's and peripherals with **Stabila**, the only computer grade stabilizer in the market. Made to stand guard and fight against corrupt power everytime when it strikes.

Stabila®
Computer Grade Stabilizers
don't blow it!

12 MONTHS REPLACEMENT WARRANTY

For dealers nearest you, please contact
OmniTech
79 Satmasjid Road 1/F
Dhanmondi R/A, Dhaka 1209
Voice+Fax (02) 815302

Dealership enquiries and Orders on your Brand Name are welcome